



ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

website: www.bb.org.bd

বিজ্ঞপ্তি নং-৬২/২০১৭

তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ
২৪ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

**অগ্রণী ব্যাংক লিমিটেড এ “সিনিয়র অফিসার (আইসিটি)” পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের
লিখিত পরীক্ষা গ্রহণকারী প্রতিষ্ঠান নির্বাচনের লক্ষ্যে পুনঃদরপত্র আহ্বানের ই-টেন্ডার বিজ্ঞপ্তি।**

অগ্রণী ব্যাংক লিমিটেড এ “সিনিয়র অফিসার (আইসিটি)” পদে নিয়োগের উদ্দেশ্যে (কম/বেশি) ৩,৬৫০ জন প্রার্থীর লিখিত পরীক্ষা গ্রহণ এবং ফলাফল তালিকা প্রদানের জন্য নিম্নোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন স্বনামধন্য সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয়/প্রশিক্ষণ ইনস্টিটিউট/শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে ই-টেন্ডারিং পদ্ধতিতে পুনঃদরপত্র আহ্বান করা যাচ্ছে :

- ১। সরকার কর্তৃক অনুমোদিত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট যাদের বিগত ৫(পাঁচ) বছরের মধ্যে (টেন্ডার দাখিলের তারিখ হতে) এক বা একাধিক কার্যাদেশ/চুক্তির আওতায় একক আয়োজনে সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত সংস্থায় অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে কমপক্ষে ১,০০০ (এক হাজার) প্রার্থীর আইটি/আইসিটি সংক্রান্ত পদে নিয়োগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল তৈরীর অভিজ্ঞতা রয়েছে।
- ২। অগ্রণী ব্যাংক লিমিটেড এ “সিনিয়র অফিসার (আইসিটি)” পদে নিয়োগের উদ্দেশ্যে (কম/বেশি) ৩,৬৫০ জন প্রার্থীর ০২ (দুই) ঘন্টাব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণান্তে মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ফলাফল তালিকা (হার্ড কপি ও সফট কপি) প্রণয়ন ও প্রদান।
- ৩। বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী সম্বলিত দরপত্র দলিল বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট www.bb.org.bd এর e-Tender এ পাওয়া যাবে। উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ই-টেন্ডারিং এ অংশগ্রহণের জন্য আহ্বানী উপরোক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানগুলোকে বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইটে (www.bb.org.bd) রেজিস্ট্রেশন সম্পন্নকরতঃ নিজ নিজ ক্ষেত্রে প্রবেশ করে আর্থিক প্রস্তাবের নির্ধারিত ফরম পূরণপূর্বক যোগ্যতা, অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদির সত্যায়িত কপি আপলোড করে আগামী ১৪/০৬/২০১৭ তারিখ দুপুর ১২ঃ০০ টার মধ্যে অনলাইনে দাখিল করতে হবে। উক্ত সময়ের মধ্যে দরপত্র সংশ্লিষ্ট প্রামাণ্য কাগজপত্রাদি ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এর মহাব্যবস্থাপক মহোদয়ের অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। একই দিন ১২ঃ১৫ মিনিটে দরদাতাগণ অথবা তাদের প্রতিনিধিবৃন্দের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) প্রস্তাবসমূহ অনলাইনে খোলা হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না।

বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ সর্বনিম্ন দরপত্র গ্রহণে বাধ্য নয় এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/=

(মোঃ মোশাররফ হোসেন খান)

মহাব্যবস্থাপক (বিএসসিএস)

ও

সদস্য-সচিব (বিএসসি)

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

অগ্রণী ব্যাংক লিমিটেড এ “সিনিয়র অফিসার (আইসিটি)” পদে নিয়োগের নিমিত্তে প্রার্থীদের
লিখিত পরীক্ষা গ্রহণ এবং ফলাফল তালিকা প্রদানের জন্য পুনঃদরপত্র।

ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

দরপত্র সিডিউল

অগ্রণী ব্যাংক লিমিটেড এ “সিনিয়র অফিসার (আইসিটি)” পদে নিয়োগের নিমিত্তে প্রার্থীদের
লিখিত পরীক্ষা গ্রহণ এবং ফলাফল তালিকা প্রদানের জন্য পুনঃদরপত্র।

দরপত্রদাতা প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :

.....

.....

প্রতিষ্ঠান/ইনস্টিটিউট গঠনের
জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের
অনুমোদন পত্রের নম্বর
ও তারিখ :

টেলিফোন নম্বর : ফ্যাক্স নম্বর :

ই-মেইল ঠিকানা :

নির্বাচনী পরীক্ষা

পরীক্ষার নাম	প্রার্থীসংখ্যা	পরীক্ষার সময়	পরীক্ষার মোট নম্বর	দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত মোট দর (টাকা)	মন্তব্য
অগ্রণী ব্যাংক লিমিটেড এ “সিনিয়র অফিসার (আইসিটি)” পদে নিয়োগের লিখিত পরীক্ষা	৩,৬৫০ জন (কম/বেশি)	০২ ঘন্টা	২০০ নম্বর		শুধুমাত্র লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে
উদ্ধৃত মোট দর					

উদ্ধৃত মোট দর (কথায়) :

তারিখ :

দরদাতার স্বাক্ষর ও পদবী

সীল

দরপত্র দাতার স্বাক্ষর, সীল ও তারিখ

দরপত্রদাতাদের প্রতি নির্দেশনা

১। যোগ্যতা ও অভিজ্ঞতা :	১.১	সরকার কর্তৃক অনুমোদিত উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট যাদের বিগত ৫(পাঁচ) বছরের মধ্যে (টেন্ডার দাখিলের তারিখ হতে) এক বা একাধিক কার্যাদেশ/চুক্তির আওতায় একক আয়োজনে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় অথবা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানে আইটি/ আইসিটি সংক্রান্ত পদে নিয়োগের উদ্দেশ্যে কমপক্ষে ১,০০০ (এক হাজার) প্রার্থীর নিয়োগ পরীক্ষা গ্রহণ ও ফলাফল তৈরীর অভিজ্ঞতা থাকতে হবে।
	১.২	উপরোক্ত ১.১ নং ক্রমিকের চাহিদা অনুযায়ী সন্তোষজনকভাবে সম্পাদিত কাজের অভিজ্ঞতার স্বপক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদপত্র দরপত্রের সাথে দাখিল করতে হবে।
	১.৩	কালো তালিকাভুক্ত প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণে অযোগ্য হিসেবে গণ্য হবে।
২। যোগ্যতা ও অভিজ্ঞতার প্রামাণ্য দলিলাদি :	২.১	যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণস্বরূপ নিম্নোক্ত কাগজপত্রাদির সত্যায়িত কপি দাখিল করতে হবে : ক) উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান/প্রশিক্ষণ ইনস্টিটিউট গঠনের জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনপত্র; খ) আয়কর (টি, আই, এন) ও ভ্যাট নিবন্ধন নম্বরের সার্টিফিকেট; গ) চাহিদানুযায়ী অভিজ্ঞতার সনদপত্র (কার্যাদেশ/চুক্তিপত্রের কপি সংযুক্ত করতে হবে)।
৩। নিয়োগ পরীক্ষা পরিচালনায় করণীয় বিষয়সমূহ :	৩.১	৩,৬৫০ জন (কম/বেশি) প্রার্থীর ০২ (দুই) ঘন্টাব্যাপী ২০০ নম্বরের লিখিত পরীক্ষা এক দিনে গ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্রের content এবং নম্বরের বিভাজন কিরূপ হবে তা বাংলাদেশ ব্যাংকে এসে ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় (বিএসসিএস) এর যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে নির্ধারণ করতঃ প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।
	৩.২	লিখিত পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরপত্র মুদ্রণ করে পরীক্ষা কেন্দ্রে সরবরাহ করতে হবে।
	৩.৩	বিএসসিএস এর সাথে আলোচনা করে লিখিত পরীক্ষার তারিখ ও সময় নির্ধারণ করতে হবে।
	৩.৪	ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় কর্তৃক প্রবেশপত্র আপলোড করার নিমিত্তে পরীক্ষার কেন্দ্র নির্ধারণপূর্বক অনুষ্ঠেয় পরীক্ষার ন্যূনতম ৩০ (ত্রিশ) দিন পূর্বে প্রার্থীদের রোল নম্বর উল্লেখপূর্বক সীট প্ল্যান ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি বিএসসিএস এ সরবরাহ করতে হবে।
	৩.৫	লিখিত পরীক্ষার সম্মিলিত (Combined) মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ফলাফল (হার্ড ও সফট কপি) বিএসসিএস এ প্রেরণ করতে হবে।
	৩.৬	লিখিত পরীক্ষার উত্তরপত্র বিএসসিএস এর প্রতিনিধিদের উপস্থিতিতে Coding করার পর মূল্যায়ন করতে হবে। মূল্যায়নের পর Coded ফলাফল প্রেরণ করতে হবে। পরবর্তীতে, বিএসসিএস এর প্রতিনিধিদের উপস্থিতিতে Decoding করে মেধাক্রম ও রোল নম্বর অনুযায়ী ৪ সেট ফলাফল তালিকা (হার্ড ও সফট কপি) কার্যাদেশের সময়সীমার মধ্যে ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এ প্রেরণ করতে হবে।
	৩.৭	প্রশ্নপত্র প্রণয়ন, উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রস্তুতসহ পরীক্ষা গ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের ক্ষেত্রে কঠোর গোপনীয়তা অনুসরণ করতে হবে।
	৩.৮	লিখিত পরীক্ষার কেন্দ্রসমূহ অবশ্যই ঢাকা সিটি কর্পোরেশনদ্বয়ের মধ্যে অবস্থিত হতে হবে।
৪। দরপত্র দলিল সংশোধন :	৪.১	পুনঃদরপত্র বিজ্ঞপ্তি জারীর পর পুনঃদরপত্র বিজ্ঞপ্তি এবং/অথবা পুনঃদরপত্র দলিলের কোনো ভাষ্য বা শর্ত অসঙ্গতিপূর্ণ/অসম্পূর্ণ/বিরোধপূর্ণ পাওয়া গেলে বা যে কোনো ভাষ্য পরিবর্তন/পরিমার্জন/সংশোধনের প্রয়োজন হলে বিএসসিএস কর্তৃপক্ষ স্ব-উদ্যোগে বা সংশ্লিষ্ট কোনো পক্ষের অনুরোধক্রমে তা করতে পারবে।
	৪.২	উক্ত রূপ সংশোধনের জন্য প্রয়োজনে দরপত্র দাখিলের ও খোলার তারিখ যুক্তিসঙ্গত মাত্রায় বর্ধিত করা যাবে।
৫। দর উদ্ধৃতি :	৫.১	দরপত্রদাতাকে 'সংযোজনী-ক' অনুযায়ী উদ্ধৃত দরের নির্ধারিত ফরম পূরণপূর্বক দর দাখিল করতে হবে।
	৫.২	উদ্ধৃত দর হতে সরকারী বিধি মোতাবেক প্রযোজ্য ক্ষেত্রে কর, ভ্যাট ইত্যাদি কর্তন করা হবে।
৬। দরের মেয়াদ :	৬.১	দরপত্র খোলার তারিখ হতে দরপত্রের বৈধতার (Tender validity) মেয়াদ হবে ১২০ (একশত বিশ) দিন।
	৬.২	৪.২ নং ক্রমিক অনুযায়ী দরপত্র দাখিল ও খোলার সময় বর্ধিত করা হলে দরপত্রের বৈধতার (Tender validity) মেয়াদ ঐ একই মাত্রায় বর্ধিত বলে গণ্য হবে।

<p>৭। দরপত্র প্রস্তুতকরণ ও দাখিল :</p>	<p>৭.১</p>	<p>বিস্তারিত নির্দেশনা ও শর্তাবলী সম্বলিত পুনঃদরপত্র দলিল বাংলাদেশ ব্যাংকের ওয়েব সাইট www.bb.org.bd এর e-tender-এ পাওয়া যাবে। দরপত্রদাতাকে পুনঃদরপত্র বিজ্ঞপ্তি ও পুনঃদরপত্র দলিলে যাচিত প্রয়োজনীয় তথ্যাদি যথাযথভাবে সন্নিবেশিত/পূরণকরতঃ প্রতি পৃষ্ঠায় সীলসহ স্বাক্ষর করতে হবে। পূরণকৃত ও স্বাক্ষরিত দরপত্র এর স্ক্যান কপি অন-লাইনে আপলোড করতে হবে।</p>
	<p>৭.২</p>	<p>দরপত্রে কোনো প্রকার পরিবর্তন/পরিমার্জন করা হলে তা দরপত্রদাতার স্বাক্ষরে প্রত্যায়িত হতে হবে; তবে কোনো প্রকার ঘষা-মাজা, উপরিলিখন, অপ্রত্যায়িত পরিবর্তন ইত্যাদি গ্রহণযোগ্য হবে না।</p>
	<p>৭.৩</p>	<p>উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে ই-টেন্ডারিং-এ অংশগ্রহণে আগ্রহী দরদাতাগণকে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (www.bb.org.bd) রেজিস্ট্রেশন সম্পন্নকরতঃ নিজ নিজ ক্ষেত্রে প্রবেশ করে উদ্ধৃত দরের নির্ধারিত ফরম পূরণপূর্বক যোগ্যতা ও অভিজ্ঞতা সংশ্লিষ্ট যাবতীয় কাগজপত্রাদির সত্যায়িত কপি আপলোড করে আগামী ১৪/০৬/২০১৭ তারিখ দুপুর ১২ঃ০০ টার মধ্যে অনলাইনে দাখিল করতে হবে। উক্ত সময়ের মধ্যে দরপত্রের মূল কপি এবং দরপত্র সংশ্লিষ্ট প্রামাণ্য কাগজপত্রাদির সত্যায়িত ফটোকপি মহাব্যবস্থাপক ও সদস্য সচিব, ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয় এর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।</p>
<p>৮। দরপত্র খোলা :</p>	<p>৮.১</p>	<p>নির্ধারিত সময়ের মধ্যে দাখিলকৃত দরপত্রসমূহ ১৪/০৬/২০১৭ তারিখ দুপুর ১২ঃ১৫ মিঃ এ দরপত্রদাতা বা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) অনলাইনে খোলা হবে।</p>
<p>৯। দরপত্র বিষয়ে ব্যাংকের সাথে দরপত্রদাতার যোগাযোগ :</p>	<p>৯.১</p>	<p>দরপত্র খোলার পর হতে চূড়ান্ত মূল্যায়ন পর্যন্ত দরপত্রদাতা কর্তৃক এতদ্বিষয়ে ব্যাংকের সাথে কোনোরূপ অযাচিত যোগাযোগ করা হলে বা অন্য কোনোভাবে দরপত্র মূল্যায়নকে প্রভাবিত করার চেষ্টা করা হলে সংশ্লিষ্ট দরপত্রদাতার দরপত্র বাতিল বলে গণ্য হবে।</p>
<p>১০। দরপত্রে অসঙ্গতি, ভুল ও ত্রুটি-বিচ্যুতি :</p>	<p>১০.১</p>	<p>দরপত্রের মৌলিক বিষয়বস্তুকে পরিবর্তন করে না এরূপ কোন গৌণ অসঙ্গতি, ভুল বা ত্রুটি-বিচ্যুতি থাকলে এ বিষয়ে সংশ্লিষ্ট দরপত্রদাতার নিকট স্পষ্টীকরণ (clarification) চাওয়া যাবে এবং দরপত্রদাতাকে নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় প্রামাণ্য কাগজপত্রাদিসহ clarification দাখিল করতে হবে। যথাযথভাবে clarification প্রদানে ব্যর্থ হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।</p>
<p>১১। উদ্ধৃত দরের গাণিতিক সংশোধনী :</p>	<p>১১.১</p>	<p>উদ্ধৃত দরে গাণিতিক ভুল (লেখার ভুল, যোগ-বিয়োগ, গুণ-ভাগ এর ভুল) থাকলে তা সংশোধনকরতঃ শুদ্ধ দর নির্ধারণ করা যাবে। এতদ্বিষয়ে প্রকিউরমেন্ট রেগুলেশন এর নির্দেশনা অনুসৃত হবে।</p>
<p>১২। দরপত্র মূল্যায়ন পদ্ধতি :</p>	<p>১২.১</p>	<p>পুনঃদরপত্র বিজ্ঞপ্তি ও পুনঃদরপত্র দলিলে যাচিত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে যোগ্য দরপত্রদাতা মূল্যায়ন করা হবে।</p>
	<p>১২.২</p>	<p>যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপক্ষে বৈধ প্রামাণ্য দলিলাদি দাখিল না করলে উক্ত যোগ্যতা ও অভিজ্ঞতা মূল্যায়নে বিবেচনা করা হবে না।</p>
	<p>১২.৩</p>	<p>যোগ্য মূল্যায়িত দরপত্রদাতাদের মধ্যে লিখিত পরীক্ষার জন্য মোট উদ্ধৃত দর ও অন্যান্য শর্তাদি পূরণসাপেক্ষে দরদাতাকে কৃতকার্য দরদাতা হিসেবে মূল্যায়ন করা হবে।</p>
<p>১৩। অসম্পূর্ণ দরপত্র :</p>	<p>১৩.১</p>	<p>নিম্নলিখিত কারণে দরপত্র অসম্পূর্ণ বলে গণ্য হবে :</p> <ul style="list-style-type: none"> (ক) দরপত্র ও সংযুক্ত দলিলাদিতে দরদাতার স্বাক্ষরসহ প্রতিষ্ঠানের সীলমোহর না থাকলে। (খ) দরপত্রে দরের উল্লেখ না থাকলে। (গ) দর অংকে ও কথায় উল্লেখ না করলে। (ঘ) অপ্রত্যায়িত পরিবর্তন বা পরিমার্জন, উপরিলিখন, কাটাকাটি/ঘষা-মাজা থাকলে। (ঙ) দর বলবৎ থাকার মেয়াদ কম হলে; (চ) হালনাগাদ আয়কর ও ভ্যাট পরিশোধের সার্টিফিকেট না থাকলে। (ছ) দরপত্র অসম্পূর্ণ হলে। (জ) দরপত্র শর্তযুক্ত হলে। (ঝ) ১.২ এবং ২.১ ক্রমিকে বর্ণিত দলিলাদি দাখিল না করলে। (ঞ) ১১ নং ক্রমিক অনুযায়ী গাণিতিক সংশোধনী গ্রহণে অস্বীকৃতি জানালে। (ট) দরপত্র সংশ্লিষ্ট কোন কাগজ জাল বা ভুয়া প্রমাণিত হলে।

ঃ ৪ ঃ

১৪। পোস্ট-কোয়ালিফিকেশনস ঃ	১৪.১	কৃতকার্য দরদাতার দরপত্রে বর্ণিত তথ্যাদি এবং ব্যবস্থাপনা সামর্থ্য সরেজমিনে যাচাইকরতঃ সঠিক ও সন্তোষজনক পাওয়া সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
১৫। নোটিফিকেশন অব এওয়ার্ড ঃ	১৫.১	কৃতকার্য দরদাতার দর গ্রহণের বিষয়ে নোটিফিকেশন অব এওয়ার্ড ইস্যু করা হবে।
১৬। কার্যাদেশ ঃ	১৬.১	নোটিফিকেশন অব এওয়ার্ড প্রাপ্তির পর দরদাতা প্রতিষ্ঠান কাজ করতে সম্মতি জ্ঞাপন করলে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রদানের তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে কাজ সম্পাদন করতে হবে।
১৭। সরকারী প্রজ্ঞাপন ঃ	১৭.১	নিয়োগের জন্য লিখিত পরীক্ষা আয়োজনের ক্ষেত্রে ভবিষ্যতে সরকার কর্তৃক কোনো বিধিমালা/প্রজ্ঞাপন জারী করা হলে কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে/নির্দেশক্রমে তা দরদাতা প্রতিষ্ঠানকে মেনে চলতে হবে।
১৮। অগ্রিম প্রদান ঃ	১৮.১	আংশিক ব্যয় নির্বাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের চাহিদার প্রেক্ষিতে উদ্ধৃত দরের সর্বাধিক ৬০% পর্যন্ত অগ্রিম প্রদান করা যেতে পারে।
১৯। বিল প্রদান ঃ	১৯.১	পরীক্ষায় উপস্থিত প্রার্থীর সংখ্যার ভিত্তিতে স্থায়ী খরচের সাথে পরিবর্তনশীল খরচ (Variable Cost) হিসাবায়নপূর্বক চূড়ান্ত বিল প্রদান করা হবে। চূড়ান্ত বিল প্রদানের সময় পূর্বে প্রদত্ত অগ্রিম (যদি থাকে) সমন্বয় সাধন করা হবে।
২০। অন্যান্য বিষয়ে নিষ্পত্তিকরণ ঃ	২০.১	কার্যাদেশ প্রদানের পর নির্ধারিত কাজটি সম্পন্ন করার ক্ষেত্রে উপরের ১নং হতে ১৯নং ক্রমিকে বর্ণিত বিষয়ের বাইরে অন্য কোনো/নতুন বিষয়ের অবতারণা হলে সেক্ষেত্রে উভয় পক্ষের আলোচনাক্রমে নিষ্পত্তি/নিষ্পন্ন করা যাবে। কোনো বিষয়ের নিষ্পত্তি না করা গেলে সেক্ষেত্রে বিএসসিএস এর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
২১। সকল দরপত্র গ্রহণ বা বাতিলকরণ ঃ	২১.১	কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোনো দরপত্র সম্পূর্ণ বা আংশিকভাবে গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করবে।

বাংলাদেশ ব্যাংক
 ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
 প্রধান কার্যালয়
 ঢাকা

দর উদ্ধৃতি (Price Schedule)

অগ্রণী ব্যাংক লিমিটেড এ 'সিনিয়র অফিসার (আইসিটি)' পদে নিয়োগের ৩,৬৫০ (কম/বেশি) প্রার্থীর লিখিত পরীক্ষা গ্রহণ ও ফলাফল তালিকা প্রদান কাজের দর :

Sl. No.	Items	Quoted Price		
		Unit cost	Units	Amount
1.	Variable Costs			
	a) Coding of Examination Scripts		3650	
	b) Evaluation of coded Scripts		3650	
	c) Scrutiny of evaluated Scripts		3650	
	d) Re-checking of partial evaluated scripts (One-third)		1217	
	e) Decoding of coded scripts		3650	
	f) Finalization of results			
	i) Preparation & Submission of Coded results		3650	
	ii) Preparation & Submission of Final results by roll no. & by merit		3650	
	Total Variable Costs			
2.	Fixed Costs:			
	a) Stationeries		1	
	b) Preparation of Written Questions		1	
	c) Moderation of Written Questions		1	
	d) (ii) Printing Expenses (Written Questions Booklet)		3650	
	e) Center Fees		1	
	f) Central Supervision Fee		1	
	g) Printing of Center and Room-wise Attendance Sheets for Centers		1	
	h) Duty Allowances for Security Personnel		1	
	i) Conveyances		1	
	j) Coordination with Center Chiefs and Invigilators		1	
	k) Administrative Expenses		1	
	Total Fixed Costs			
	Total Variable and Fixed Cost			
3.	Institutional Overhead Cost			
4.	Total Variable and Fixed Cost including overhead cost			
5.	VAT (5% of amount of Sl. no. 6)			
6.	Grand Total in Taka (Amount of Sl. no. 4/0.95)			
	Taka In Words:			

*Cost per Candidate : $\frac{\text{Total Cost (Including VAT)}}{\text{Number of Candidates}} = \underline{\hspace{2cm}}$

In words :

Note:- VAT and Tax (if applicable) will be deducted as per government rules at the time of final payment.